# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৭০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৬]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ১৬: সুন্নাহ পালনের গুরুত্ব ও তার কিছু আদব প্রসঙ্গে

(16) ـ باب الأمر بالمحافظة على السنة وآدابها

আরবী

عن أبي سعيد عبد الله بن مغفل، رضي الله عنه ، قال: نهى رسول الله، صلى الله عليه وسلم عن الخذف وقال: "إنه لا يقتل الصيد، ولا ينكأ العدو، وإنه يفقأ العين، ويكسر السن" (متفق عليه) .

বাংলা

১১/১৭০। আবূ সাঈদ আব্দুল্লাহ ইবনু মুগাফফাল রাদিয়াল্লাহু ’আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (বৃদ্ধ ও তর্জনী আঙ্গুল দ্বারা) কাঁকর ছুঁড়তে নিষেধ করেছেন। কেননা, তা দিয়ে শিকার করা যায় না এবং শত্রুকে ঘায়েলও করা যায় না। বরং তাতে চোখ নষ্ট হয় ও দাঁত ভাঙ্গে। (বুখারী-মুসলিম)

অন্য এক বর্ণনায় আছে যে, ইবনু মুগাফফাল রাদিয়াল্লাহু ’আনহু-এর এক আত্মীয় দুই আঙ্গুল দিয়ে কাঁকর ছুঁড়ছিল। তা দেখে তিনি তাকে নিষেধ করলেন এবং বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (ঐভাবে) কাঁকর ছুঁড়তে নিষেধ করেছেন। কেননা, তা দিয়ে শিকার করা যায় না। কিন্তু সে আবার ঐ কাজ করতে লাগল। তখন তিনি বলে উঠলেন, ’আমি তোমাকে বলছি, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ কাজ করতে নিষেধ করেছেন আবার তুমি ছুঁড়তে লাগলে? যাও! তোমার সাথে আর কথাই বলব না।’[1]

## English

(16) Chapter: Observing the Sunnah and the manners of its obedience

'Abdullah bin Mughaffal (May Allah be pleased with him) reported: Messenger of Allah (ﷺ) prohibited flicking pebbles by the index finger and the thumb; and he said, "It does not kill a game animal nor does it inflict wound on the enemy, but breaks the tooth and gorges the eye".

[Al-Bukhari and Muslim].

In another narration it is said: A close relative of 'Abdullah bin Mughaffal (May Allah be pleased with him) was hitting with pebbles using the index finger and the thumb; he said: "Messenger of Allah (ﷺ) has forbidden it saying that it does not kill the game". He repeated the act and Ibn Mughaffal said to him: "I told you that the Prophet (ﷺ) had prohibited it but you repeated it. I shall never talk to you."

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৬২২০, ৪৮৪২, ৫৪৭৯, মুসলিম ১৯৫৪, নাসায়ী ৩৬, ৪৮১৫, আবূ দাউদ ২৭, ৫২৭০, ইবনু মাজাহ ৩২২৭, আহমাদ ১৬৩৫২, ২০০১৭, ২০০২৮, ২০০৩৮, ২০০৫০, দারেমী ৪৩৯, ৪৪০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22471

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন